

রাঙ্গামাটি সরকারি কলেজ-এর নতুন ০৪টি বিষয়ে মাস্টার্স কোর্স চালু

রাঙ্গামাটি সরকারি কলেজ তিন পার্বত্য জেলার প্রধান ও প্রবীনতম কলেজ। এই কলেজের প্রতি পার্বত্য এলাকাবাসীর শ্রদ্ধা ও ভালবাসা অন্তহীন। পার্বত্য জেলা সমূহের পশ্চাদপদ ও সুবিধাবঞ্চিত অধিবাসীরা এই মহান বিদ্যাপীঠে লেখাপড়া করে পার্বত্য অঞ্চল সহ দেশ ও জাতিকে সমৃদ্ধির দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে। বর্তমানে কলেজটি উচ্চ শিক্ষা লাভের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ কেন্দ্রে পরিণত হয়েছে। কলেজ কর্তৃপক্ষের বহুমাত্রিক প্রচেষ্টায় বিগত ০৮/১০/২০১৭খ্রি. তারিখে অর্থনীতি, ইংরেজি, ইতিহাস ও উদ্ভিদ বিদ্যা -এ চারটি বিষয়ে মাস্টার্স কোর্স চালু হয়েছে। নতুন এ চারটি বিষয়ে মাস্টার্স কোর্স চালু করার ক্ষেত্রে ছাত্র, শিক্ষক, কর্মচারী, রাজনীতিবিদসহ যারা সহযোগিতা করেছেন তাদের প্রতি আমাদের আন্তরিক কৃতজ্ঞতা রইল। নতুন এ চারটি বিষয়সহ ৮ বিষয়ে মাস্টার্স, ১ বিষয়ে প্রিলিমিনারী ও ১২ টি বিষয়ে অনার্স নিয়ে এ কলেজটি দেশের বৃহত্তর কলেজগুলির একটিতে পরিণত হয়েছে। নতুন ৪টি বিষয়ে মাস্টার্স কোর্সে আসন সমূহ শূণ্য আছে। এ সকল আসনে রিলিজ স্লিপ/বদলীর মাধ্যমে ভর্তি হওয়ার জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীদের সুযোগ দেয়া হবে।


প্রফেসর জাফর আহমদ

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ